বাগেরহাটে পরিবার পরিকল্পনা বিষয়ে এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত

বাগেরহাটে পরিবার পরিকল্পনা সেবার মান বৃদ্ধির লক্ষে জেলা এ্যাডভোকেসীর গ্রæপের সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে বেসরকারী উন্নয়ন সংস্থা মেরি স্টোপসের সহযোগীতায় সুশীলনের আয়োজনে জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ- পরিচালক গুরু প্রসাদ ঘোষ এর সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়।
সুশীলনের প্রোগ্রাম অফিসার মোজাহিদুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠিত এ সভায় অন্যান্যেও মধ্যে বক্তব্য দেন, বাগেরহাট প্রেসক্লাবের সভাপতি আহাদ উদ্দিন হায়দার, সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান সরদার মাসুদুর রহমান, সিনিয়র স্টাফ নার্স সম্পা বিশ্বাস, ফ্যামিলি প্লানিং ফ্যাসিলিটেটর অরন্যক বিশ্বাস, মুক্তিযোদ্ধা নকিব সিরাজুল হক, সাংবাদিক এস এম সামছুর রহমান, মোঃ কামরুজ্জামান প্রমুখ।

সভায় চলতি আর্থিক বছরে জেলার ৬৭টি ইউনিয়নে পরিবার পরিকল্পনা খাতে প্রাপ্ত বাজেট বরাদ্ধের একটি খতিয়ান তুলে ধরা হয়। যে সকল ইউনিয়নে প্রাপ্ত বরাদ্ধের অর্থ যথাযথ ভাবে ব্যায় করা হয়েছে অথবা ব্যায়ের প্রক্রিয়ায় রয়েছে তাদেরকে ধন্যবাদ জানানো হয়। এছাড়া যে সকল ইউনিয়নে বরাদ্ধকৃত অর্থ যথাযথ ভাবে ব্যায় করা সম্ভব হয়নি সে সকল

ইউনিয়নে আগামী আর্থিক বছরে যথাযথ ভাবে ব্যায় করার জন্য অনুরোধ জানানো হয়।